



স্মারক নং- ইআবি/পনি/কামিল পরীক্ষা/২০১৮/১০৩৪

১৩ ফাল্গুন ১৪২৫ ব.  
২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি.  
১৮ জমা. সানি ১৪৪০ হি.

## বিজ্ঞপ্তি

### ২০১৮ সালে অনুষ্ঠিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গ।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৮ এর ১ম ও ২য় পর্বের মৌখিক পরীক্ষা আগামী ০৭/০৩/২০১৯ তারিখ থেকে শুরু হয়ে ৩০/০৩/২০১৯ তারিখ শেষ হবে। ইতোমধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করার জন্য বহিরাগত এবং অভ্যন্তরীণ পরীক্ষকদের নিকট নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে।


অতএব, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ৩০/০৩/২০১৯ তারিখের মধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করে মৌখিক পরীক্ষার নম্বর তাৎক্ষণিক ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। ওয়েবসাইট থেকে প্রাপ্ত নম্বর প্রিন্ট করে উক্ত কপিতে বহিরাগত ও অভ্যন্তরীণ পরীক্ষকের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্র: কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৮ এর অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের তথ্য নিম্নের পদ্ধতি অনুসারে অনলাইনে Submit করতে হবে এবং প্রিন্ট কপিতে কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহরসহ পরীক্ষা সম্পর্কিত অন্যান্য কাগজপত্রের সাথে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

#### নির্দেশিকা:

- center.iau.edu.bd এ প্রবেশ করুন।
- প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
- Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করুন।
- পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই মৌখিক এবং টিউটোরিয়াল পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।
- লিপিবদ্ধ করা শেষ হলে Final Submit বাটনে Click করে Print করুন।

যোগাযোগ: ০১৭১৩-৫৫৬১৭৭, সময়: ৯টা - ৫ টা


  
(প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/কামিল পরীক্ষা/২০১৮/১০৩৪, তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। অর্থ, হিসাব ও নিরীক্ষা বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ, সংশ্লিষ্ট কামিল পরীক্ষা কেন্দ্র।
- ৮। সকল বহিরাগত এবং অভ্যন্তরীণ পরীক্ষকবৃন্দ।
- ৯। বিভাগীয় প্রধান, হাদিস/তাফসীর/ফিক্হ/আদব বিভাগ।
- ১০। অফিস নথি।

  
(মো: আবদুল খালিক)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।